BANGLADESH BUREAU OF EDUCATIONAL INFORMATION AND STATISTICS
FROM PARAMETERS TO SYSTEM
PROGRAMMER DATA

দৈনিক সংবাদ
তারিখ 16 OCT 1995
পৃষ্ঠা ৮ কলাম ২

খাতা জমা না দিয়েও

॥ রুকুনউদ্দৌলাহ ॥

যশোর, ১৫ই অক্টোবর।– গত এসএসসি পরীক্ষায় এক পরীক্ষার্থী একটি বিষয়ের খাতা জমা না দিয়েও তাতে নম্বর পেয়েছে। এ ভুতুড়ে ঘটনাটি ঘটেছে যশোর বোর্ডে।

খাতা ঃ পৃঃ ১২ কঃ ১

খাতা ঃ জমা না দিয়ে

(১ম পৃষ্ঠার পর)

১৯৯৫ সালের এস এস সি পরীক্ষায় মোঃ বেলাল হোসেন নামে এক ছাত্র প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করে। খুলনা 'ক' অঞ্চল কেন্দ্রের এই পরীক্ষার্থীর রোল নম্বর ঃ ৫৬৪৫৯৩। সে ২৯শে এপ্রিল তারিখে অনুষ্ঠিত সাধারণ গণিত পরীক্ষাশেষে উত্তরপত্র কক্ষ পরিদর্শকের কাছে জমা না দিয়ে তা নিয়ে পালিয়ে যায়। বিষয়টি ঐ কেন্দ্রের সচিব প/১০৭(২) তারিখ ২৯–৪–৯৫ স্মারকে যশোর বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক ও খুলনার ডেপুটি কমিশনারকে জানান। কিন্তু আশ্চর্যজনক হলেও সত্য যে, পরীক্ষার ফল প্রকাশের পর বোর্ড থেকে নম্বরফর্দ তুলে দেখা যায় পলাতক পরীক্ষার্থী বেলাল হোসেন সাধারণ গণিতে ৪৯ নম্বর পেয়েছে।

এ ব্যাপারে বোর্ডের একজন পদস্থ কর্মকর্তা বলেছেন, 'কিভাবে এ ভৌতিক ঘটনা ঘটলো তা আমাদের বোধগম্য নয়।' তবে বিষয়টি তদন্ত করে দেখা হবে।